

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২২

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة ) পরিচ্ছেদঃ ১১. পেশাব থেকে সতর্ক থাকা প্রসঙ্গে

باب الإسْتِبْرَاءِ مِنَ الْبَوْلِ

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ، حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ زَيْدِ بْنِ وَهْبِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ ابْنِ حَسَنَةَ، قَالَ: انْطَلَقْتُ أَنَا وَعَمْرُو بْنُ الْعَاصِ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم، فَخَرَجَ وَمَعَهُ دَرَقَةٌ، ثُمَّ اسْتَتَرَ بِهَا، ثُمَّ بَالَ فَقُلْنَا: انْظُرُوا إِلَيْهِ يَبُولُ كَمَا تَبُولُ الْمَرْأَةُ. فَسَمِعَ ذَلِكَ فَقَالَ " أَلَمْ تَعْلَمُوا مَا لَقِيَ صَاحِبُ بَنِي إِسْرَائِيلَ كَانُوا إِذَا أَصَابَهُمُ الْبَوْلُ مَنْهُمْ، فَنَهَاهُمْ، فَعُذِّبَ فِي قَبْرِهِ "

\_ صحيح موقوف: وصله م و خ، لكن بلفظ: (ثوب أحدكم)

#### বাংলা

২২। 'আবদুর রহমান ইবনু হাসানাহ সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ও 'আমর ইবনুল 'আস নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গেলাম। তিনি সাথে একটি ঢাল নিয়ে বের হলেন এবং সেটিকে আড়াল বানিয়ে পেশাব করলেন। আমরা বললামঃ দেখ, তিনি মহিলাদের মতো (লুকিয়ে লুকিয়ে) পেশাব করছেন। তিনি একথা শুনে বললেন, তোমরা কি জান না বানী ইসরাইলের এক ব্যক্তির কি অবস্থা হয়েছিল? তাদের কারো যদি (কোথাও) পেশাব লেগে যেত, তাহলে তারা ঐ স্থানকে কেটে ফেলত। অতঃপর ঐ ব্যক্তি তাদেরকে এরূপ করতে নিষেধ করেছিল বিধায় তাকে কবরের শাস্তি দেয়া হয়।[1]

সহীহ মাওকুফ: বুখারীতে ও মুসলিম এটি মুত্তাসিল সানাদে বর্ণনা করেছেন। কিন্তু এ শব্দে ( ثوب أحدكم ) قَالَ أَبُو دَاؤُدَ قَالَ مَنْصُورٌ عَنْ أَبِي وَائِل عَنْ أَبِي مُوسَى فِي هَذَا الْحَديث قَالَ " جِلْدَ أَحَدهِمْ ".

\_ صحيح .

হামাম আবৃ দাউদ (রহঃ) বলেন, মানসূর আবৃ ওয়াইল থেকে আবৃ মূসা সূত্রে এ হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন,



(যদি পেশাব লাগত) তাহলে নিজের চামড়া কেটে ফেলত।

সহীহ।

وَقَالَ عَاصِمٌ عَنْ أَبِي وَائِلٍ عَنْ أَبِي مُوسَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " جَسَدَ أَحَدِهِمْ " .

\_ منکر

আর 'আসিম আবূ ওয়াইল, আবূ মূসা (রাঃ) থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সূত্রে বর্ণনা করেছেনঃ 'নিজের শরীর কেটে ফেলত'।

মুনকার।

## **English**

Narrated Amr ibn al-'As:

AbdurRahman ibn Hasanah reported: I and Amr ibn al-'As went to the Prophet (ﷺ). He came out with a leather shield (in his hand). He covered himself with it and urinated. Then we said: Look at him. He is urinating as a woman does. The Prophet (ﷺ), heard this and said: Do you not know what befell a person from amongst Banu Isra'il (the children of Israel)? When urine fell on them, they would cut off the place where the urine fell; but he (that person) forbade them (to do so), and was punished in his grave.

Abu Dawud said: One version of Abu Musa has the wording: "he cut off his skin".

Another version of Abu Musa goes: "he cut off (part of) his body."

## ফুটনোট

[1] সহীহঃ নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ৩০), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা ও তার পন্থাসমূহ, অনুঃ পেশাবের ব্যাপারে কঠোরতা, হাঃ ৩৪৬) আহমাদ (৪/১৯৬), প্রত্যেকেই আমাশ সূত্রে। আর আবু দাউদের উক্তিঃ মানসূর আবু ওয়ায়িল থেকে আবৃ মূসা সূত্রে এ হাদীস সম্পর্কে বলেছেন... শেষ পর্যন্ত, এ হাদীসটি সহীহ মাওকুফ। বুখারী একে মাওসুলভাবে বর্ণনা করেছেন (অধ্যায়ঃ উযু, অনুঃ আবর্জনার নিকট পেশাব করা, হাঃ ২২৬)।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু হাসানাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন